সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
প্রধান কার্যালয়, ঢাকা ।

মুজিব
MUJIB
দৃপ্ত শপথ মুজিব বর্ষে
আমরা যাবো সবার শীর্ষে

বিষয়ঃ- মুজিববর্ষে কর্মপরিকল্পনা মোতাবেক মন্ত্রণালয়/বিভাগের কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতির ছক।

ব্যাংকের নাম	কর্মপরিকল্পনা মোতাবেক কর্মসূচি	কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি	মন্তব্য
সোনালী ব্যাংক লিমিটেড	১) মহান স্বাধীনতা যুদ্ধে বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখা ব্যক্তিত্বদের সোনালী ব্যাংকের পক্ষ থেকে বঙ্গবন্ধু পদক প্রদান।	মহান স্বাধীনতা যুদ্ধে বিভিন্ন ক্ষেত্রে বীরোচিত ও কৃতিত্বপূর্ণ অবদান রাখা মুক্তিযোদ্ধাদের সোনালী ব্যাংকের পক্ষ থেকে বঙ্গবন্ধু পদক প্রদান করা হবে। * 'মুজিব বর্ষ' এবং 'বঙ্গবন্ধু'র প্রতিকৃতি খচিত 'বঙ্গবন্ধু পদক' প্রতিটি ২ ভরি ওজনের স্বর্ণের দ্বারা প্রস্তুত করা হবে। * 'বঙ্গবন্ধু পদক' প্রাপ্তদের একই সঙ্গে নগদ ১.০০ (এক লক্ষ) টাকা এবং একটি সম্মাননা পত্রও দেওয়া হবে। এ লক্ষ্যে পদকপ্রাপ্তদের নির্বাচনের জন্য সমাজের শ্রদ্ধাভাজন,জ্ঞানী, মেধাবী, শিক্ষিত, বিশিষ্টজনদের সমন্বয়ে জুরি বোর্ড গঠন প্রক্রিয়াধীন রয়েছে।	
	২) ছাত্র ছাত্রীদের অংশগ্রহণে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন দর্শনের বিভিন্ন দিক এবং বাংলাদেশের রাজনৈতিক সামাজিক বিষয় সংশ্লিষ্ট বিভাগীয় ও জাতীয় পর্যায়ে ছাত্র ছাত্রীদের অংশগ্রহনে কুইজ ও রচনা প্রতিযোগিতার আয়োজন।	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন দর্শনের বিভিন্ন দিক এবং বাংলাদেশের রাজনৈতিক সামাজিক বিষয় এর উপর স্কুলের ছাত্র ছাত্রীদের অংশগ্রহণে কুইজ ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে। প্রথম থেকে পঞ্চম শ্রেনী পর্যন্ত এবং ৬ষ্ঠ থেকে দশম শ্রেনী পর্যন্ত অধ্যায়নরত স্কুলের ছাত্র ছাত্রীদের দুটি আলাদা গ্রুপে বিভক্ত করে কুইজ ও রচনা প্রতিযোগিতা শুরুর জন্য প্রিন্সিপাল অফিস পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ ক্ষেত্রে প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মূল্যায়নের জন্য বিচারকমন্ডলীতে জেলা স্কুলের প্রধান শিক্ষক, সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক, জেলা শিক্ষা কর্মকর্তা, শিল্পকলা একাডেমির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অথবা তাদের প্রতিনিধি এবং সোনালী ব্যাংকের স্থানীয় পর্যায়ের প্রতিনিধি সদস্য সচিব হিসেবে থাকবেন। হেড অফিস পর্যায়ে মূল্যায়নের জন্যও বিচারকমন্ডলী থাকবে। এ লক্ষ্যে কমিটি গঠন প্রক্রিয়াধীন।	
	৩)মুক্তিযোদ্ধা সংসদ সোনালী ব্যাংক ইউনিট এর প্রাতিষ্ঠানিক ইউনিট-এ কর্মরত ও অবসরপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান।	মুক্তিযোদ্ধা সংসদ সোনালী ব্যাংক ইউনিট এর সোনালী ব্যাংকে কর্মরত ও অবসরপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের ক্রেস্ট এবং প্রাইজমানি প্রদান করা হবে। মুক্তিযোদ্ধা প্রতিষ্ঠানিক কমান্ড সোনালী ব্যাংক ইউনিট এর কাছ থেকে তালিকা নিয়ে সবাইকে সম্মাননা ক্রেস্ট এবং প্রাইজমানি প্রদান করা হবে। এ লক্ষ্যে তালিকা প্রস্তুতের কার্যক্রম অব্যাহত আছে।	

সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৫৯৫৬৮ পিএবিএক্সঃ ৩২২৮ ফ্যাক্সঃ৭১১৯৮৬, ৯৫৬১৪১০ E-mail : dgmprd@sonalibank.com.bd

বিষয়ঃ- **মুজিববর্ষে কর্মপরিকল্পনা মোতাবেক মন্ত্রণালয়/বিভাগের কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতির ছক।**

	৪) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে সোনালী ব্যাংকের জিএমও/পিও/আঞ্চলিক কার্যালয় পর্যায়ে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠান, মিলাদ মাহফিল, আয়োজন এবং স্থানীয় এতিমখানায় উন্নতমানের খাবার পরিবেশন।	আগামি ১৭ মার্চ, ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন যথাযোগ্য মর্যাদায় উদযাপন এবং বিভিন্ন কর্মসূচী পালন বিষয়ে বিভিন্ন নির্দেশনা দিয়ে জেনারেল ম্যানেজার'স অফিস/ প্রিন্সিপাল অফিস/ রিজিওনাল অফিসে পত্র প্রেরণ করা হয়েছে।	
	৫) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পূর্ণাঙ্গ জীবনীগ্রন্থ সংকলন ও প্রকাশ।	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীগ্রন্থ প্রকাশে সোনালী ব্যাংক লিমিটেড পৃষ্ঠপোষকতা করবে। পান্ডুলিপি নির্বাচনের বিষয়ে বাংলা একাডেমি, বাংলাদেশ শিশু একাডেমির সঙ্গে যোগাযোগ অব্যাহত রয়েছে।	
	৬) বঙ্গবন্ধুর প্রাণ দরিদ্র কৃষকদের জন্য সুদ বিহীন ঋণ চালুকরণ ।	সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক মুজিববর্ষে কৃষকদের মাঝে বিনা সুদে ৫০ কোটি টাকা ঋণ বিতরণে উদ্যোগ নেয়া হয়েছে। এ লক্ষ্যে কৃষি ঋণ সম্পৃক্ত শাখা সমূহকে ইতোপূর্বে গৃহিত কৃষি ঋণ গ্রহিতাদের সামগ্রিক অবস্থা যাচাই ও বিচার বিশ্লেষন তালিকা প্রস্তুতের নির্দেশনা প্রদান করা হয়েছে এবং প্রধান কার্যালয় পর্যায়ে কমিটি গঠন প্রক্রিয়াধীন।	

উপরোক্ত কর্মসূচি ছাড়াও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে এ ব্যাংকের উদ্যোগে আরো যেসব পদক্ষেপ গ্রহণ করা হয়েছে

ক) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে মুজিব বর্ষের ক্ষণগণনার সূচনায় সোনালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয় ভবনের সম্মুখে কাউন্টডাউন ঘড়ি স্থাপন করা হয়েছে। এছাড়াও স্থাপিত এলইডি মনিটরে বঙ্গবন্ধুর জীবনের উল্লেখযোগ্য ঘটনাবলী রাজনৈতিক জীবনের ঐতিহাসিক মুহূর্তের ভিডিও ফুটেজ সম্বলিত ডকুমেন্টারি প্রদর্শিত হচ্ছে । যা মুজিববর্ষে পুরো সময়কালে অব্যাহত থাকবে।

খ) 'মুজিববর্ষে' (১৭ মার্চ ২০২০ থেকে ২৬ মার্চ ২০২১ পর্যন্ত) সোনালী ব্যাংক লিমিটেড এর যাবতীয় চিঠি পত্রে বঙ্গবন্ধুর ছবি সম্বলিত লোগো ও শ্লোগান **"দৃপ্ত শপথ মুজিব বর্ষে, আমরা যাবো সবার শীর্ষে"** লেটার হেডের ডান পার্শ্বে ব্যবহার করতে হবে। উল্লেখ্য সরকার কর্তৃক অনুমোদিত বঙ্গবন্ধুর ছবি সম্বলিত লোগো কোন অবস্থাতেই বিকৃত/পরিবর্তন করা যাবে না ...... মর্মে নির্দেশনা প্রদান করে সকল জিএম অফিস, পিও, আরও এবং শাখা সমূহসহ সকল অফিসে পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যেই এই নির্দেশনার আলোকে সোনালী ব্যাংকের সকল চিঠিপত্রে বঙ্গবন্ধুর ছবি সম্বলিত লোগো ও শ্লোগান " দৃপ্ত শপথ মুজিব বর্ষে, আমরা যাবো সবার শীর্ষে" লেটার হেডের ডান পার্শ্বে ব্যবহার করা হচ্ছে।

গ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে সোনালী ব্যাংকের উদ্যোগে বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত ডিজাইন ও লোগো সম্বলিত কোট পিন তৈরি করা হয়েছে। যা প্রধান কার্যালয়, জেনারেল ম্যানেজার'স অফিস, প্রিন্সিপাল অফিস, রিজিওনাল অফিস পর্যায়ে উর্দ্ধতন নির্বাহীগণ সহ পর্যায়ক্রমে সর্বস্তরের কর্মকর্তাদের প্রদান করা হবে।
ঘ) মুজিববর্ষে ব্যবহারের জন্য সোনালী ব্যাংক লিমিটেড এর সকল প্রিন্টিং ম্যাটারিয়ালে (খাম, ফাইল, কভার ইত্যাদিতে) মুজিব বর্ষ ২০২০ উল্লেখ পূর্বক মুদ্রণ করা হয়েছে।

ঙ) হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে এই মহান নেতার রাজনৈতিক জীবনের ঐতিহাসিক উল্লেখযোগ্য মূহুর্তের ছবি সম্বলিত সোনালী ব্যাংক লিমিটেড এর ২০২০ সালের ক্যালেন্ডার মুদ্রিত হয়েছে যা ইতোমধ্যেই ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারী সহ গ্রাহক ও শুভানুধ্যায়ীদের মাঝে বিতরণ করা হয়েছে।

চ) মুজিববর্ষ উপলক্ষে সোনালী ব্যাংক লিমিটেড ভবনের নিচ তলায় প্রবেশপথে জাতির পিতা বঙ্গবন্ধুর (উচ্চতা -৮ ফুট ৮ ইঞ্চি ও প্রস্থ ১১ ফুট মাপের) প্রতিকৃতি (মূর‍্যাল) স্থাপনের কাজ বর্তমানে এগিয়ে চলছে। আগামী ১৭ মার্চ, ২০২০ তারিখে উক্ত মূর‍্যাল এর উন্মোচন করা হবে।

ছ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে সোনালী ব্যাংক লিমিটেড এর ঘরোয়া সাময়িকী প্রয়াসের একটি বিশেষ সংখ্যা প্রকাশের উদ্যোগ করা হয়েছে।

(জাকির হোসেন খান)
জেনারেল ম্যানেজার
এবং
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন কমিটির সদস্য সচিব

(মোঃ জাহিদুল হক)
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর
এবং
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন কমিটির চেয়ারম্যান